দৈনিক সংবাদ

DEC. 25 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৬... কলাম ...৫...

### ডিগ্রি পরীক্ষা কেন্দ্র নিয়ে ঘটনা

# সাদুল্ল্যাপুর ও বোনারপাড়া কলেজে বিক্ষোভ মিছিল ॥ অধ্যক্ষ লাঞ্ছিত ও অফিসে তালা ঝুলছে

গাইবান্ধা থেকে জেলা বার্তা পরিবেশকঃ ডিগ্রী পরীক্ষা কেন্দ্র স্থাপনে বৈষম্যের প্রতিবাদে গাইবান্ধার সাদুল্লাপুর ও বোনারপাড়া কলেজে ডিগ্রি পরীক্ষার্থীদের বিক্ষোভ মিছিল অব্যাহত রয়েছে। অপরদিকে পরীক্ষার্থীরা উত্তেজিত হয়ে গত ২০শে ডিসেম্বর সাদুল্লাপুর কলেজ অধ্যক্ষকে লাঞ্ছিত করেছে। তার কার্যালয়ে তালা ঝুলিয়ে দিয়েছে। নিরাপত্তার অভাবে অধ্যক্ষ পালিয়ে বেড়াচ্ছেন।

ডিগ্রি পরীক্ষার্থীদের সূত্র থেকে জানা যায়, সাদুল্লাপুর উপজেলা সদরে অবস্থিত সাদুল্লাপুর ডিগ্রি কলেজে গত ১৭ বছর যাবৎ ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বহাল আছে। পরীক্ষার্থীরাও নিজ কলেজ কেন্দ্রেই পরীক্ষায় অংশগ্রহণ করে আসছে। অত্যন্ত সতর্কতা ও কড়াকড়ির মধ্যে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় সেখানে গত এইচএসসি পরীক্ষায় পাশের হার মাত্র ৪ শতাংশ। আসন্ন ডিগ্রী পরীক্ষায় ১৩৯৮ জন পরীক্ষার্থী এই কেন্দ্র থেকে পরীক্ষায় অংশগ্রহণ করছে। এদের মধ্যে ৪৫০ জন মহিলা পরীক্ষার্থী। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই সাদুল্লাপুর কলেজের ডিগ্রি পরীক্ষার্থীদেরকে ৪৫ কিলোমিটার দূরে অবস্থিত বোনারপাড়া কলেজ কেন্দ্রে এবং সেখানকার ১২১০ জন পরীক্ষার্থীকে সাদুল্লাপুর কেন্দ্রে পরীক্ষায় অংশ নেয়ার নির্দেশ দিয়েছে। এই উভয় অথচ উপজেলা সদরের বাইরে নিভৃত পল্লীতে অবস্থিত নলডাঙ্গা, সাঘাটা, ফুলছড়ি ও কাসদিয়া ডিগ্রি কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীরা নিজ নিজ কলেজ কেন্দ্রেই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাচ্ছে। এদের ক্ষেত্রে কেন্দ্র পরিবর্তন করা হয়নি। এই বৈষম্যমূলক নীতি 'নেচারাল জাস্টিস' বহির্ভূত বলে সংশ্লিষ্ট সূত্রে দাবি করা হয়।

সূত্রের মতে, এক উপজেলার পরীক্ষার্থীদেরকে ৪৫ কিঃ মিঃ দূরবর্তী অন্য উপজেলার কেন্দ্রে স্থানান্তর করা অত্যন্ত ব্যয়বহুল ও কষ্টদায়ক বটে। পাশাপাশি মহিলা পরীক্ষার্থীদের নিরাপত্তার প্রশ্ন জড়িত। এতে আইন-শৃঙ্খলার অবনতি ঘটার আশংকাকেও উড়িয়ে দেয়া যায় না। এই পরিস্থিতিতে উভয় কলেজ কেন্দ্রের ডিগ্রী পরীক্ষার্থীদেরকে নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ দেয়া প্রয়োজন।

কিন্তু কর্তৃপক্ষ এই দাবি মানছে না। তাই বিক্ষুব্ধ পরীক্ষার্থী ও অভিভাবকরা নিরাপত্তা রক্ষার্থে বৈষম্যমূলক নীতি প্রত্যাহারসহ নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দাবি করেন। এই দাবির সমর্থনে উত্তেজিত পরীক্ষার্থীরা গত ২০শে ডিসেম্বর সাদুল্লাপুর কলেজ অধ্যক্ষকে লাঞ্ছিত করেছে। তার অফিসকক্ষে তালা ঝুলিয়ে দিয়েছে। সাঘাটা উপজেলা সদর দপ্তরে অবস্থিত বোনারপাড়া কলেজ অধ্যক্ষও